

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

আশ্রয়ণ-২ প্রকল্প

তেজগাঁও, ঢাকা

নং - ০৩.৭০১.০১৮.০০.০০.১১২৫.২০১৫-৭৭

তারিখঃ ২৭/০৪/২০১৬খ্রিঃ

প্রাপক প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরে ব্যারাক মেরামতের ব্যয় নির্বাহের জন্য উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে অর্থ বরাদ্দ।

মহোদয়,


আমি নিম্নলিখিত প্রকল্পগ্রামের বরাবরে ব্যারাক মেরামত এর ব্যয় নির্বাহের জন্য উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে প্রকল্পের বিপরীতে বর্ণিত পরিমাণ অর্থ বরাদ্দ প্রদান করছি এবং উক্ত অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ব্যয়ের নিমিত্ত নিম্নোক্ত জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার বরাবরে অথরিটি প্রেরণের জন্য তাঁকে অনুরোধ জানাচ্ছিঃ

ক্রঃ নং	জেলা	উপজেলা	প্রকল্পের নাম (ব্যারাক সংখ্যা)	৯.৫০% আইটি ও ভ্যাট বাদে বরাদ্দকৃত অর্থ
১	ফরিদপুর	সদর	তুলাগ্রাম (ব্যারাক নং ৫)	১৩,৪৩,৪২১/-
২	ফরিদপুর	সদর	তুলাগ্রাম (ব্যারাক নং ১ ও ৩)	৪,৮২,২০৫/-
৩	রাজবাড়ী	বালিয়াকান্দি	বারুগ্রাম (কমিউনিটি সেন্টার)	৭২,৪০০/-
৪	ঝিনাইদহ	শৈলকুপা	দুধসর (ব্যারাক নং ১৩)	২,৪১,১০২/-
৫	মানিকগঞ্জ	হরিরামপুর	রীতা (ব্যারাক নং ৩)	২,০৩,৩৯২/-
৬	মানিকগঞ্জ	হরিরামপুর	পাটগ্রাম (ব্যারাক নং ১৯ ও টয়লেট)	৪,৯২,৭৯২/-
৭	মানিকগঞ্জ	হরিরামপুর	নারান্দিয়া (ব্যারাক নং ২, ৩, ৪ ও টয়লেট)	৬,১৮,২৩৮/-
৮	বাগেরহাট	মোরেলগঞ্জ	কুঠিবাড়ী (ব্যারাক নং ৩ ও ৪)	১৭,৭৯,৮৪৭/-
৯	টাঙ্গাইল	সদর	গদুরগাতি (ব্যারাক নং ১, ২, ৩, ৪ ও ৫ এবং কমিউনিটি সেন্টারসহ মসজিদ মেরামত)	১৩,২৮,২৬৯/-
মোট				৬৫,৬১,৬৬৬/-
কথায়ঃ পঁয়ষট্টি লক্ষ একষট্টি হাজার ছয়শত ছেষট্টি টাকা মাত্র।				

- ২। প্রেরিত প্ল্যান, ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক গুণগতমান বজায় রেখে আগামী ৩০.০৭.২০১৬ তারিখের মধ্যে নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে।
- ৩। উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন টাঙ্কফোর্স এর সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার এই অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তিনি নিরীক্ষা দলে নিরীক্ষার জন্য প্রয়োজনীয় নথিপত্র সংরক্ষণ করবেন এবং অর্থ ব্যয় ও এর যথোপযুক্ত হিসাব সংরক্ষণের জন্য দায়ী থাকবেন।
- ৪। আর্থিক বিধি ও “পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮” এবং সংশোধিত ২০০৯” অনুসরণ করে এবং টেন্ডার ও অর্থ ব্যয় সংক্রান্ত সরকারী আর্থিক বিধি ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ৫। কার্যাদেশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট ঠিকাদার ১৫(পনের)দিনের মধ্যে প্রকল্পের কাজ শুরু করতে অসমর্থ হলে কার্যাদেশ বাতিলপূর্বক অত্র কার্যালয়কে অবহিত করতে হবে।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার কার্যাদেশ প্রদানের পর প্রকল্পের কাজ শেষ না হওয়া পর্যন্ত মাসিক অগ্রগতির প্রতিবেদন পরবর্তী মাসের ১ম সপ্তাহে অত্র দপ্তরে পৌঁছানো নিশ্চিত করবেন।

- ৭। এই ব্যয় ৭০০০ নির্মাণ ও পূর্ত খাতের আওতাধীন ৭০৮১ উপ-খাতে ১ম, ২য় ও ৩য় কিস্তিতে ছাড়কৃত অর্থ হতে নির্বাহ করা হবে।
- ৮। এই ব্যয় ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের গ্র্যান্ট নং ০২ কোড নং ৫-০৩৩১-৬৫৩০-৭০৮১ আশ্রয়ণ-২ প্রকল্প হতে সংকুলান করা হবে।
- ৯। কাজটি সম্পাদনের পর কোন অর্থ উদ্বৃত্ত থাকলে তা ৩০শে জুন ২০১৬ এর পূর্বে চালানোর মাধ্যমে ১/০৩০১/০০০২/২৬৭১ নং কোডে সরকারী কোষাগারে জমা করে চালানোর কপি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- ১০। পুরাতন মালামাল বিক্রি করে তা ৩০শে জুন ২০১৬ এর পূর্বে চালানোর মাধ্যমে ১/০৩০১/০০০২/২৬৮১ নং কোডে সরকারী কোষাগারে জমা করে চালানোর কপি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- ১১। জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং-১৫/মূসক/২০১৪/২২৪(১) তারিখঃ ২৮/০৪/২০১৪খ্রিঃ এবং স্মারক নং ০৮.০১.০০০০.০৩৪.০৫.০০৯.১২-৩০৬ তারিখঃ ৩০/০৪/২০১৪খ্রিঃ মোতাবেক আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে ক্রয়কৃত পণ্য সামগ্রীর উপর মূসক ও আয়কর অব্যাহতি প্রদান করা হচ্ছে।
- ১২। প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সহিত "emboss" সীল দেখে বরাদ্দ পত্রের যথার্থতা নিশ্চিত করতে হবে।
- ১৩। উক্ত অর্থ ব্যয়ের পর সংশ্লিষ্ট কোডে হিসাবভুক্তি করে প্রকল্প অফিসকে অবহিত করার জন্য উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হলো।  
সংযুক্তঃ প্ল্যান, ডিজাইন ও প্রাক্কলন।

আপনার বিশ্বস্ত



(মোঃ জাহিরুল হক)

প্রকল্প পরিচালক(অতিরিক্ত সচিব)

ফোনঃ ৯১২৪১০০৪

#### অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ফরিদপুর/রাজবাড়ী/ঝিনাইদহ/মানিকগঞ্জ/বাগেরহাট/টাঙ্গাইল।
- ২। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ফরিদপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর, ফরিদপুর/বালিয়াকান্দি, রাজবাড়ী/শৈলকুপা, ঝিনাইদহ/হরিরামপুর, মানিকগঞ্জ/মোরেলগঞ্জ, বাগেরহাট/সদর, টাঙ্গাইল।
- ৪। উপজেলা প্রকৌশলী/প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সদর, ফরিদপুর/বালিয়াকান্দি, রাজবাড়ী/শৈলকুপা, ঝিনাইদহ/হরিরামপুর, মানিকগঞ্জ/মোরেলগঞ্জ, বাগেরহাট/সদর, টাঙ্গাইল।
- ৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সদর, ফরিদপুর/বালিয়াকান্দি, রাজবাড়ী/শৈলকুপা, ঝিনাইদহ/হরিরামপুর, মানিকগঞ্জ/মোরেলগঞ্জ, বাগেরহাট/সদর, টাঙ্গাইল।
- ৬। অফিস কপি।